জলবায়ু সংক্রান্ত নিজের প্রতিশ্রুতি পালন করুন – বিনিয়োগ করুন ক্ষুদ্র কৃষকদের উপর

বিশ্ব নেতৃবৃন্দ,

আমরা **১.৮ মিলিয়ন ফেয়ারট্রেড কৃষক ও শ্রমজীবীদের** পক্ষ থেকে লিখছি যারা বিশ্ব জুড়ে কৃষি ক্ষেত্রে কর্মরত। আমরা বিশ্বের সর্বত্র মানুষের মুখের অন্ন সহ অন্যান্য অবশ্য প্রয়োজনীয় সামগ্রী উৎপন্ন ও সরবরাহ করে থাকি। কিন্তু বছরের পর বছর ধরে জলবায়ুর সংকট মোকাবিলায় গৃহীত প্রতিশ্রুতি বারবার ভঙ্গ করার ফলে পরিবেশের যেভাবে বেপরোয়া রকমের ক্ষতিসাধিত হয়েছে তাতে আমাদের কাজকর্ম অত্যন্ত খারাপভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

- **আপনারা নির্গমন বা এমিশন হ্রাস করার প্রতিশ্রুতি দিয়েছিলেন,** যা চরম প্রকৃতির আবহাওয়া সৃষ্টি করে ধীরে ধীরে একদিন যেমন আমাদের চাষের জমি শুকিয়ে দেয় তেমনই তার পরেই আবার বন্যার কারণ হয়ে দাঁড়ায়। আর এই নির্গমন বিপজ্জনকভাবে বাড়তে থাকলেও আপনার উচ্চাকাঙ্ক্ষা সেই অত্যন্ত কমই থেকে গিয়েছে।
- **আপনি জলবায়ু খাতে আর্থিক সংস্থানের প্রতিশ্রুতি দিয়েছিলেন,** যাতে পরিবর্তনশীল আবহাওয়া সত্ত্বেও আমরা খাদ্য সামগ্রী উৎপন্ন করা চালিয়ে যেতে পারি। কিন্তু কোন কিছুই আমাদের কাছে পৌঁছাচ্ছে না।
- আপনি **ব্যবসায়িক সংস্থাগুলিকে শোষক থেকে অংশীদারে পরিবর্তন করার প্রতিশ্রুতি দিয়েছিলেন**। কিন্তু শেয়ারহোল্ডাররা কোটি কোটি ডলার উপার্জন করে চলেছে যেখানে লক্ষ লক্ষ কৃষক দিনে এক ডলারেরও কম উপার্জন করে থাকেন।

Recent months have seen crops hit hard by extreme weather, including devastating floods in Uganda,[i] drought in Madagascar,[ii] and invasions of locusts across the African continent.[iii] This year, Africa saw its hottest January and June ever.[iv] In Central America, Hurricanes Eta and Iota caused damage worth over $2 billion in Honduras alone, with Fairtrade farmers badly affected.[v] New IPCC predictions are that our members in India face increases in extreme heatwaves, droughts and erratic rainfall.[vi] Of course, this harms our ability to grow the food that the world needs. Because our livelihoods are tied to our farm produce, poverty is once again growing amongst us. But the impact goes deeper. The damage to our land and water is increasing competition for resources, and as farmers and workers we are faced with ever-increasing social and economic tensions. সাম্প্রতিক মাসগুলোতে উগান্ডায় বিধ্বংসী বন্যা[i], মাদাগাস্কারে খরা[ii] এবং আফ্রিকা মহাদেশ জুড়ে পঙ্গপালের আক্রমণ[iii] সহ চরম আবহাওয়ায় ফসলের ক্ষতি হয়েছে। এই বছর, আফ্রিকা প্রত্যক্ষ করেছে উষ্ণতম জানুয়ারি ও জুন মাস[iv]। মধ্য আমেরিকায়, হারিকেন ইটা এবং আইওটা-তে শুধুমাত্র হন্ডুরাসেই $২ বিলিয়ন ডলারের বেশি ক্ষতি হয়েছে, যেখানে ব্যাপক ভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন ফেয়ারট্রেড কৃষকরা[v]। আইপিসিসি (IPCC)-র নতুন ভবিষ্যদ্বাণী অনুযায়ী ভারতে আমাদের সদস্যরা চরম তাপপ্রবাহ, খরা এবং

অনিয়মিত বৃষ্টিপাতের মুখোমুখি হতে চলেছে[vi]। অবশ্যই, এটি আপনার বিশ্বের জন্য প্রয়োজনীয় খাদ্য বৃদ্ধির ক্ষমতার ক্ষতি করে। যেহেতু আমাদের জীবিকা আমাদের খামারের উৎপাদনের সঙ্গে জড়িত, তাই আমাদের মধ্যে দারিদ্র্য আবার বৃদ্ধি পাচ্ছে। কিন্তু এসবের প্রভাব আরও গভীর। আমাদের জমি এবং জলের ক্ষতি সম্পদের জন্য প্রতিযোগিতা বাড়িয়ে তুলছে এবং কৃষক এবং শ্রমিক হিসাবে আমরা ক্রমবর্ধমান সামাজিক এবং অর্থনৈতিক চাপা উত্তেজনার সম্মুখীন হচ্ছি।

এই ক্ষতির প্রভাব কৃষি পরিবারের মহিলাদের উপর এলোমেলো ভাবে পড়ে, যারা প্রায়শই সবচেয়ে কম বেতনভুক্ত হয়ে থাকেন, অথচ সবচেয়ে কঠিন পরিস্থিতিতে কাজ করেন। আমাদের তরুণরা এই অবস্থায় কৃষিকাজের মধ্যে আর থাকতে চায় না, এবং সত্যি তো, তাদের কেই বা দোষ দিতে পারে? কিন্তু নতুন একটি প্রজন্ম যদি কৃষিকে দারিদ্র্যের ফাঁদ ছাড়া অন্য কিছু হিসেবে না দেখে, তাহলে বিশ্বের মানুষের খাদ্য কারা উৎপাদন করবে?

আমরা এখানে আরও একটি কাহিনী বর্ণনা করতে চাই। বিশ্বজুড়ে আমাদের খামারগুলিতে, আপনি ইতিমধ্যে প্রয়োজনীয় পরিবর্তনগুলি দেখতে পাচ্ছেন। বৃক্ষ রোপণ ঘানায় কোকোকে রোদের হাত থেকে আর কেনিয়ায় চাগাছগুলিকে বন্যার হাত থেকে রক্ষা করছে এবং গুয়াতেমালায় মৌমাছিদের আরও বেশি করে খাদ্য সরবরাহ করা যাচ্ছে। আফ্রিকা এবং মিডল ইস্ট, লাতিন আমেরিকা এবং ক্যারিবিয়ান এবং এশিয়া এবং প্যাসিফিক অঞ্চলগুলিতে ফেয়ারট্রেড দলগুলি কৃষকদের সঙ্গে তাদের ফসল রক্ষার জন্য প্রয়োজনীয় জ্ঞান ভাগ করে নিচ্ছে।

Signed on behalf of Fairtrade farmers and workers,

FAIRTRADE AFRICA

Mr Kouamé N'dri Benjamin-Francklin

Producer Representative of Fairtrade Africa (FTA)

Board Member of FTA and Chairman of SCOOPS-ECAM, Yamoussoukro, Cote D'Ivoire

CLAC FAIRTRADE

Mr Miguel Munguía

Producer Representative of Latin American and Caribbean Network of Fairtrade Small Producers and Workers (CLAC)

President of CLAC and Manager of Educe-Cooperativa

FAIRTRADE NETWORK OF ASIA & PACIFIC PRODUCERS

Mr Meher Pravakar

Producer Representative of Network of Asia and Pacific Producers (NAPP)

Board Member of NAPP and Project Director at Pratima Organic Grower Group

For more information, contact:
media@fairtrade.org.uk
communications@fairtradeafrica.net

আরো বেশি দায়িত্বশীল ক্রেতাদের সাথে অংশীদারিত্ব আমাদের খামারগুলিকে আরও স্থিতিস্থাপক করে তোলার জন্য প্রয়োজনীয় বিনিয়োগ সরবরাহ করছে, আর সেইসঙ্গে পরিবহন এবং খামারের নির্গমনও হ্রাস করছে। যেখানে ফেয়ারট্রেড ব্যবসায়িক সংস্থাগুলি ন্যায্য মূল্য এবং ফেয়ারট্রেড প্রিমিয়াম প্রদান করে আমাদের ভবিষ্যতের প্রতি সঠিকভাবে বিনিয়োগ করছে, সেখানে ইতিমধ্যেই আমাদের স্থিতিস্থাপকতা বাড়ছে।

তবে এই অপরিহার্য কাজগুলির জন্য অবশ্যই অর্থ প্রদান করা প্রয়োজন। উদাহরণস্বরূপ, কফি ঝোপের মধ্যে গাছ লাগালে সেগুলি তাদের রোদ থেকে রক্ষা করতে পারে, ফসলের রোগ এবং বন্যার ক্ষয়ক্ষতি কমাতে পারে - কিন্তু এর অর্থ হল উৎপাদন খরচ বৃদ্ধি পাওয়া। যখন কৃষকরা তাদের জীবন ধারণই করতে পারছেন না, সেখানে আমরা কীভাবে এই ধরণের প্রয়োজনীয় পরিবর্তনের জন্য আর্থিক সংস্থানের ব্যবস্থা করতে পারি?

২০৫০ সালের মধ্যে পরিবর্তন-এর লক্ষ্যমাত্রায় এখন যথেষ্টই বিলম্ব ঘটে গিয়েছে। ধনী, উচ্চমাত্রায় দূষণকারী দেশ হিসাবে, আপনাকে এখনই অভিযোজন এবং প্রশমনের খরচ পরিশোধের প্রতিশ্রুতি পূরণ করতে হবে। কার্বন নিঃসরণ হ্রাস করার লক্ষ্যে দেওয়া আপনার প্রতিশ্রুতি আর অস্বীকার করা উচিত নয়। আমরা সেই সব দেশের তরফ থেকে 'নেট জিরো' প্রতিশ্রুতি মেনে নেব না যারা পরিবহন থেকে বা আমাদের নিজস্ব দেশগুলি সহ অন্যান্য দেশ থেকে আমদানি করা পণ্য থেকে নির্গমন উপেক্ষা করে, বা যারা প্রকৃত নির্গমন হ্রাস করতে পারে না। আন্তর্জাতিক শিপিং শিল্প যদি একটি দেশ হত, তাহলে সেটি হত বিশ্বের সপ্তম বৃহত্তম নির্গমনকারী দেশ।[vii]

আমরা আপনাকে এখনই পদক্ষেপ নেওয়ার আহ্বান জানাই:

১. **জলবায়ু খাতে আর্থিক সংস্থান হিসেবে আপনার ১০০ বিলিয়ন ডলার প্রদানের প্রতিশ্রুতি এখনই পূরণ করতে হবে। এটি সরাসরি কৃষক এবং শ্রমিকদের কাছে পৌঁছানো প্রয়োজন,** যাতে আমরা গাছ লাগাতে পারি, আরও স্থিতিস্থাপক ফসলের চাষ করতে পারি, নিজেকে প্রস্তুত করতে পারি আসন্ন ঝড়ের জন্য - এবং বিশ্বের সর্বত্র খাদ্য-সামগ্রীর উৎপাদন বৃদ্ধি অব্যাহত রাখতে পারি।

২. **আপনাকে অবশ্যই আপনার কার্বন নির্গমণ সম্পর্কে সৎ থাকতে হবে এবং বৈজ্ঞানিক পরামর্শের সাথে সামঞ্জস্য রেখে সেগুলি হ্রাস করার সৎ সাহস রাখতে হবে।** আপনার নেট-জিরো প্রতিশ্রুতিগুলিতে যেন লক্ষ্যমাত্রা এবং নীতি অন্তর্ভুক্ত থাকে তা নিশ্চিত করুন যা কেবলমাত্র আপনার অভ্যন্তরীণ নির্গমনই নয়, বরং আমদানিকৃত পণ্য-সামগ্রীগুলি থেকেও নির্গমন হ্রাস করবে এবং একই সঙ্গে সেগুলি যেন প্রকৃত অর্থেই হ্রাস করা হয়, কেবল মাত্র অফসেট কেনাই যেন না হয় সেটিও নিশ্চিত করুন। এভিয়েশন এবং শিপিং সহ, আপনার জাতীয়ভাবে নির্ধারিত অবদান (ন্যাশনালি ডিটারমাইন্ডেড কন্ট্রিবিউশন) হল একটি অপরিহার্য পদক্ষেপ যা আপনাকে অবশ্যই গ্রহণ করতে হবে। আমরা আমাদের ক্রেতাদের সঙ্গে কাজ করার জন্য প্রস্তুত, কিন্তু নেতৃত্ব অবশ্যই আপনাকেই দিতে হবে।

৩. **ভবিষ্যতের বাণিজ্য চুক্তিগুলিকে ন্যায্য এবং কম কার্বন উৎপাদন করতে হবে,** কমাতে হবে উচ্চ-কার্বন ঘটিত ব্যবসা। বাণিজ্য চুক্তিগুলিকে কৃষক এবং সেইসব ব্যবসায়ী সংস্থাগুলিকে সহায়তা করতে হবে যারা দীর্ঘস্থায়ীত্ব এবং জলবায়ু সংকট মোকাবেলায় বিনিয়োগ করে আর জীবাশ্ম জ্বালানি ব্যবহারকে উৎসাহিত করা এবং এক্সট্রাক্টিভ, শোষণমূলক বাজারের সহায়তা করা বন্ধ করতে হবে।

৪. **আপনাকে অবশ্যই ব্যবসার নিয়মকানুনকে আরও শক্তিশালী করে তুলতে হবে** যাতে ব্যবসায়িক সংস্থাগুলি দীর্ঘস্থায়ী (সাস্টেইনেবল) সাপ্লাই চেইনে বিনিয়োগ করতে উৎসাহিত হয়, কৃষকদের ন্যায্য মূল্য প্রদান করে এবং তাদের সাপ্লাই চেইনে পরিবেশগত বিষয় এবং সমস্যাগুলির দায়ভার বহন করে। আমরা পরিবেশগত

বিষয়ে অনলস প্রয়াস দেখতে চাই যাতে ব্যবসায়িক সংস্থাগুলি বনাঞ্চল ধ্বংস হওয়া রোধ করতে পদক্ষেপ গ্রহণ করে - এবং আমরা এটিকে এমনভাবে বাস্তবায়িত হতে দেখতে চাই যাতে কৃষকদের উপরে কোনরকম ব্যয়ভার না আসে। প্রয়োজনে, আপনাকে অবশ্যই নিজেদের দায়িত্ব পালনে ব্যর্থ ব্যবসায়িক সংস্থাগুলিকে বাধ্য করতে প্রস্তুত থাকতে হবে।

কোভিড -১৯ আমাদের পৃথিবীটাকেই গত দুই বছরে ছারখার করে দিয়েছে। কিন্তু জলবায়ু সংকটে আমরা যদি এখনও কাজ করতে ব্যর্থ হই তাহলে আমরা সবাই যে ক্ষতির সম্মুখীন হব তার তুলনায় এর প্রভাব প্রায় কিছুই নয়। বিশ্বজুড়ে খাদ্য উৎপাদকদের প্রতিনিধি হিসাবে, আমরা আপনাকে এই মুহূর্তটিকে সদর্থক ভাবে গ্রহণ করতে, আমাদের বক্তব্য শুনতে এবং আমরা যাতে বিশ্বজুড়ে মানুষের মুখে অন্ন তুলে দেওয়ার কাজ চালিয়ে যেতে পারি তা নিশ্চিত করতে অনুরোধ জানাচ্ছি।